

গা সখী, গাইলি যদি, আবার সে গান ।
কতদিন শুনি নাই ও পুরানো তান ॥
কখনো কখনো যবে নীরব নিশীথে
একেলা রয়েছি বসি চিন্তামগ্ন চিতে —
চমকি উঠিত প্রাণ — কে যেন গায় সে গান,
দুই-একটি কথা তার পেতেছি শুনিতে ।
হা হা সখী, সেদিনের সব কথাগুলি
প্রাণের ভিতরে যেন উঠিছে আকুলি ।
যেদিন মরিব, সখী, গাস্ ওই গান —
শুনিতে শুনিতে যেন যায় এই প্রাণ ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Ara Theka, Raag: Mishra Bahaar
Visit www.geetabitan.com for notation and other detail